দৈনিক ইনকিলাব

তারিখ 10 MAR 2008
পৃষ্ঠা ৫ কলাম ৩

# প্রাইভেট টিউশনি বন্ধের প্রজ্ঞাপন প্রত্যাহার করুন

## -বিভিন্ন শিক্ষক-কর্মচারী সংগঠন

স্টাফ রিপোর্টার ঃ বেসরকারী শিক্ষকদের প্রাইভেট টিউশনি বন্ধের প্রজ্ঞাপন প্রত্যাহার করার দাবী জানিয়েছে বিভিন্ন শিক্ষক-কর্মচারী সংগঠন। গতকাল (রোববার) বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ আবুল বাশার হাওলাদার ও মহাসচিব মোঃ নজরুল ইসলাম রনি এক বিবৃতিতে বলেন, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তরের জারি করা 'বেসরকারী শিক্ষকদের প্রাইভেট টিউশনি নিষিদ্ধ' আদেশটি শিক্ষাঙ্গনকে উত্তপ্ত করে তুলবে। তারা বলেন, 'এ আদেশটি একটি কুচক্রী বিশেষ মহলের ষড়যন্ত্রের প্রতিফলন মাত্র।

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রাইভেট টিউশনি বন্ধের প্রজ্ঞাপন প্রত্যাহার করার দাবী জানিয়েছে ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ মোঃ সেলিম ভূঁইয়া, আহবায়কবৃন্দ কাজী আব্দুর রাজ্জাক, মাওলানা এম এ লতিফ প্রমুখ।

নেতৃবৃন্দ এক বিবৃতিতে বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীরা সরকার থেকে একশ টাকা বাড়ী ভাড়া পান, যা হাস্যকর বিষয়।